নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক

মোকাম বিজ্ঞ জজ ও অর্থঋণ আদালত-৪,ঢাকা।

অর্থজারী মোকদ্দমা নং-৫৪৬/২০২৬

বেসিক ব্যাংক লিমিটেড, (বর্তমানে বেসিক ব্যাংক পিএলসি) (বাংলাদেশ স্মল ইন্ডাষ্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড), শ্যামলী শাখা, ঠিকানা-৪৩/২, শ্যামলী রিং রোড, প্লট নং-২৪/১, শ্যামলী, ঢাকা। যাহার প্রধান কার্যালয়, সেনা কল্যান ভবন, ১৯৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকায় অবস্থিত। ..... **ডিক্রীদার।**

বনাম

১. "প্যারামাউন্ট হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার" স্বত্বাধিকারী মোঃ সেকান্দার আলী মনি, পিতা-রজ্জব আলী, মাতা-আনোয়ারা বেগম, ঠিকানা-বাড়ী নং-০৯ ও ১১, রোড নং-৩, শ্যামলী হাউজিং সোসাইটি ২য় প্রকল্প, আদাবর, থানা-আদাবর, জেলা-ঢাকা-১২০৭। **২. মোঃ সেকান্দার আলী মনি,** স্বত্বাধিকারী-"প্যারামাউন্ট হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার" পিতা- রজ্জব আলী, মাতা-আনোয়ারা বেগম, ব্যবসায়িক ঠিকানা- বাড়ী নং-০৯ ও ১১, রোড নং-৩, শ্যামলী হাউজিং সোসাইটি ২য় প্রকল্প, আদাবর, থানা-আদাবর, জেলা-ঢাকা-১২০৭। বর্তমান ঠিকানা- ৫৪/১২/১২, রোড নং-১২, শেখেরটেক, আদাবর, থানা-আদাবর, জেলা- ঢাকা-১২০৭। স্থায়ী ঠিকানা-গ্রাম-সাহেবের মাঠ, মোংলা, থানা-মোংলা, জেলা-বাগেরহাট। **৩. চামেলী চৌধুরী, বন্ধকদাতা জামিনদার** "প্যারামাউন্ট হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার" স্বামী- মোঃ সেকেন্দার আলী, পিতা-এ. কে. চৌধুরী, মাতা-আনোয়ারা বেগম, ব্যবসায়িক ঠিকানা-বাড়ী নং-০৯ ও ১১, রোড নং-৩, শ্যামলী হাউজিং সোসাইটি ২য় প্রকল্প, আদাবর, থানা-আদাবর, জেলা- ঢাকা-১২০৭। বর্তমান ঠিকানা- ৫৪/১২/১২, রোড নং-১২, শেখেরটেক, আদাবর, জেলা-ঢাকা-১২০৭। স্থায়ী ঠিকানা-হোল্ডিং নং-৭৫০, রোড নং-৭, বাইতুল আমান হাউজিং সোসাইটি, ডাকঘর-মোহাম্মদপুর-১২০৭, থানা-মোহাম্মদপুর, জেলা- ঢাকা। ..... **দাইকগণ।**

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার বেসিক ব্যাংক পিএলসি বিগত ২২/০৪/২০২৬ ইং তারিখ পর্যন্ত পাওনা **২,৬৩,২৯,১৫৬.২২/- (দুই কোটি তিষট্টি লক্ষ উনত্রিশ হাজার একশত ছাপ্পান্ন দশমিক দুই দুই)** টাকা মাত্র আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আগামী **০৬/১২/২০২৬ইং** তারিখ নিম্নরুপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রি করা হবে। আগ্রহী নিলান ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

১। আগামী **০৬/১২/২০২৬ইং** তারিখে বেলা ২:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর **"সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার **অর্থঋণ আদালত-০৪, ঢাকা** এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ **০৬/১২/২০২৬ইং** তারিখ দুপুর ২:০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত ক্রমিক নং ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২ (খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবারক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

"তফসিল"

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-মোহাম্মদপুর অধীন ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত সি.এস.-২৪০, এস.এ.-৫৯, আর.এস. এবং ঢাকা সিটি জরীপে ১নং, মৌজা-রামচন্দ্রপুরস্থিত সি.এস খতিয়ান নং-৭০২, এস.এ. খতিয়ান নং-৪৪১, সি.এস. ও এস.এ. দাগ নং-২১৯ (দুইশত উনিশ), আর.এস. খতিয়ান নং-৪৬৩, ৫৩১ ও ৩৬০, আর.এস. দাগ নং-১৭৬৮ (এক হাজার সাতশত আটষট্টি), ১৭৬৯ (এক হাজার সাতশত উনসত্তর) ও ৯৫ (পঁচানব্বই) যাহার আর.এস. নামজারী ও জমাভাগ খতিয়ান নং-৩৬০/১৯-১২, কেইস নং-২৫৬৬/২০০৭, তাং- ৩০/০৫/২০০৭, জোত নং-৩২/১৮, আর.এস. নামজারী প্রাপ্ত সম্পত্তির পরিমান ৯৯০ অযুতাংশ এবং যাহার সিটি জরীপ খতিয়ান নং-৮৩৪, দাগ নং-৪৩১৫ (চার হাজার তিনশত পনের) সিটি জরীপ নামজারী ও জমাভাগ খতিয়ান নং-১৫৯৭৫, কেইস নং-১৮৮৮/২০১৬-২০১৭, তাং- ০২/০৫/২০১৭ ইং এবং জোত নং-১৬৮/৪৯, নামজারী প্রাপ্ত সম্পত্তির পরিমান ৯০৭ অযুতাংশ বাড়ি ভূমি এবং তদউপর নির্মিত ৮-তলা ইমারতই তফসিল বর্ণিত সম্পত্তি বটে, যাহা শ্যামলী হাউজিং লিমিটেড কর্তৃক প্রস্তুতকৃত লে আউট প্লানের 'বি' ব্লকের ৯ ও ১১নং প্লট হিসাবে চিহ্নিত এবং যাহার **চৌহদ্দি:** উত্তরে-লে আউট প্লানের 'বি' ব্লকের ১৩নং প্লট, দক্ষিনে-লে আউট প্লানের 'বি' ব্লকের ৭নং প্লট, পূর্বে-লে আউট প্ল্যানের 'বি' ব্লকের ১০ ও ১২নং প্লট এবং পশ্চিমে-২০ ফুট প্রশস্ত চলাচলের রাস্তা।

আদেশক্রমে - সেরেস্তাদার

জজ ও অর্থঋণ আদালত নং-৪, ঢাকা।

দৈনিক ইনকিলাব ও দৈনিক গণমুক্তি

প্রকাশ : ০২/১১/২০২৬ ইং